# Belal Khan



SINGER, SONGWRITER AND MUSIC COMPOSER.

BELALKHANOFFICIAL@GMAIL.COM

01972225146

FACEBOOK | TIKTOK | INSTAGRAM | YOUTUBE | WIKI

# ABOUT

## BELAL KHAN



### Singer | Songwriter | National Film Award-Winning Composer

Belal Khan is a celebrated Bangladeshi musical artist dedicated to crafting soul-stirring melodies that bridge traditional roots with contemporary rhythms. With over a decade of experience creating chart-topping independent hits and scoring National Film Award-winning cinema, he specializes in turning deep human emotions into unforgettable musical journeys. This portfolio showcases his latest tracks, music videos, and cinematic projects.

### Basic Information

Full Name: Belal Khan

Also Known As: Belal Khan

Date of Birth: 3 February 1984

Place of Birth: Sakhipur, Tangail, Bangladesh

Current City: Dhaka, Bangladesh

### Educational Qualification:

B.A. (Honours) & M.A. in Persian Language and Literature, University of Dhaka

# Professional Overview



Belal Khan has performed extensively across Bangladesh and abroad, captivating audiences with his soulful contemporary melodies and innovative fusion work. He has graced major musical stages such as the Channel i Music Awards, prominent national festivals, and numerous large-scale concerts across the country. He has performed in almost every major district of Bangladesh. Khan has also made a strong mark internationally. He has participated in multi-stage shows and cultural exchange programs across Asia and Europe, performed in several concerts across India, and earned wide appreciation for his live performances in Middle Eastern diaspora communities.

He is a regular performer on:

Bangladesh Betar
Bangladesh Television (BTV)Banglavision,
RTV, Channel i,
Maasranga TV,
NTV, ATN Bangla and
many other private television and radio channels.

Khan has recorded original songs, film playbacks, and various collaborative projects with leading music platforms, YouTube channels, and production houses throughout Bangladesh. He has created a vast library of original compositions for various music labels, many of which have gained immense popularity and millions of views digitally. Another remarkable aspect of Khan's career is his dedication to reviving melodious storytelling in playback tracks. Through meticulous studio production and immense creative passion, he continuously brings these emotionally-driven melodies back to life, preserving them in his own unique vocal and composition style.

In addition to singing, Khan has expanded his creative footprint into lyricism, song arrangements, audio engineering, and background score direction. After gaining immense widespread recognition through his breakthrough track "Pagol Tor Jonno Re", he went on to win the highly prestigious Bangladesh National Film Award for Best Music Composition. He has also served as a guest judge, mentor, and panel expert across multiple regional music hunts and workshop seasons. Several television musical sessions directed by him have earned significant viewer appreciation. Alongside numerous independent single tracks, multiple major cinema releases featuring Khan's soundtracks have been broadcast on national and satellite television platforms.











































# Massive Digital Hits & Trending Tracks

Pagol Tor Jonno Re – 63 Million+ Views
Pakhi (Belal Khan & Liza) – 38 Million Views
Ek Mutho Shopno (Belal Khan & Mohona) – 32 Million Views
Jodi Arek Jonom Ami Paigo – 27 Million Views
Baazi – 14 Million Views
Bhalobashi (Valobashi Hoyni Bola) – 13 Million Views
Baper Boro Pola (featuring Momtaz) – 8 Million Views
Dolil (Belal Khan & Nancy) – 8 Million Views
Amar Jodi Thakto Dana – 07 Million Views
Station – 6 Million Views
Tumi Kono Din Amar Hobe Na (Belal Khan & Hridela) – 6 Million Views
Tomar Choya (Belal Khan & Nancy) – 4 Million Views
Tomar Hridoy Pane – 4 Million Views
Tomar Jonno Ami (Belal Khan & Porshi) – 2 Million+ Views
Shyam Kalia – 2 Million+ Views
Tui Jodi Amar Hoiti Re – 1 Million+ Views.






# SOLO HITS































Jodi Arek Jonom Ami Paigo – 27 Million Views

Station (ইস্টিশন) – 6 Million Views

Pagol Banaiya – 2.5 Million Views

Aj Ami Eka – 95k Views

Tumi Hina – 1 Million+ Views

Ki Kore Bhuli Tomay – 4 Million Views

Shyam Kalia – 2 Million+ Views

Maa (মা) – 82k Views

Shonapakhi – 16k Views

Tui Jodi Amar Hoiti Re – 1 Million+ Views

# Duets & Iconic Collaborations




































# In The Press & Media Features



## ঈদে বেলাল খানের সুরে নচিকেতার গান

● আনন্দ সময় প্রতিবেদক

জনপ্রিয় সংগীতশিল্পী বেলাল খান নিজের গানের বাইরে অন্য শিল্পীদের জন্যও নিয়মিত সুর করেন। তার সুরে কণ্ঠশিল্পী, ঐশী, লিজা, আঁখি আলমগীর, পড়শী ও ন্যান্সিসহ আরও অনেকে গেয়েছেন।

জাতীয় চলচ্চিত্র পুরস্কারপ্রাপ্ত এ গায়কের সুরে এবার একটি গানে কণ্ঠ দিয়েছেন দুই বাংলার জনপ্রিয় সংগীতশিল্পী নচিকেতা। গানটির শিরোনাম 'ভালো থেকো'। এটি লিখেছেন কবির বকুল। সংগীতায়োজনে শোভন রায়। মিউজিক ভিডিও পরিচালনা করেছেন চন্দন রায় চৌধুরী। এতে মডেল হয়েছেন তাপস রায় চৌধুরী ও প্রথমা দাস। ঈদ উপলক্ষে প্রযোজনা প্রতিষ্ঠান সাউন্ডটেকের ইউটিউব চ্যানেলে প্রকাশ হবে এটি।

গানটি প্রসঙ্গে বেলাল খান বলেন, নচিকেতা দুই বাংলায় সমানভাবে জনপ্রিয় একজন শিল্পী। জেন-জি প্রজন্মও তার গানে নিজেদের খুঁজে নেয়। জীবনমুখী গানের এ শিল্পীর জন্য সুর করা আমার জন্য একটু চ্যালেঞ্জের ছিল। এ ছাড়া নির্মাতা চন্দন রায় চৌধুরী গানের কথার সঙ্গে সমন্বয় করে দারুণ একটি ভিডিও নির্মাণ করেছেন। আশা করছি গানটি শ্রোতাদের হতাশ করবে না। নচিকেতা বলেন, বেলাল খান যেমন ভালো গায় তেমনই দারুণ সুরও করেন। বাংলাদেশের অনেকের সুরে গান করেছি। তবে এ গানটির সুরে অন্যরকম আমেজ পেয়েছি। একটি গান কথার পাশাপাশি ভালো সুরের কারণেও শ্রোতাদের মনে দাগ কাটে।



## বেলাল খান-পড়শীর তোমার জন্য আমি

■ আনন্দ প্রতিদিন প্রতিবেদক সমকাল

আবার জুটি বেঁধে দ্বৈত গান প্রকাশ করলেন তারকা কণ্ঠশিল্পী বেলাল খান ও পড়শী। তাদের গাওয়া নতুন গানের শিরোনাম 'তোমার জন্য আমি'। এর কথা

একসঙ্গে বেশ কিছু দ্বৈত গান গেয়েছি। 'ভালোবাসি হয়নি বলা' ও 'একলা প্রহর' থেকে শুরু করে গত বছর প্রকাশিত 'কত যে আপন'– সব গানই শ্রোতা পছন্দ করেছেন। তাই পড়শীর সঙ্গে আরও

সত্যের সন্ধানে নির্ভীক

যুগান্তর

THE DAILY JUGANTOR

## বেলাল পূজার ও পরানের পাখিরে

● আনন্দনগর প্রতিবেদক

'ও পরানের পাখি রে...' একটি পুরনো গানের কথা। এ কথাটি নিয়েই এবার একটি গান গাইলেন কণ্ঠশিল্পী বেলাল খান ও বাঁধন সরকার পূজা। গানের সঙ্গে নির্মাণ করা হয়েছে মিউজিক ভিডিও। ভিডিওটিতে একেবারে ভিন্ন লুকে হাজির হয়েছেন মডেল অর্ণব মারগুইলিস অন্ত ও মুমতাহিনা চৌধুরী টয়া। মডার্ন ফ্লেভারে উপস্থাপন করা হয়েছে গানটির ভিডিও। র‌্যাপের সঙ্গে নাচ ও মডার্ন সব বাদ্যযন্ত্রের সমাহারে গানটিতে দারুণ একটি ফ্লেভার যুক্ত করা হয়েছে। ইমতিয়াজ বাবুর গাওয়া ও কাজী ফারুক বাবুলের লেখা ৯০ দশকের সাড়া জাগানো গানটির প্রথম চার লাইনের সঙ্গে জোড়া দিয়ে বাকি কথাগুলো লিখেছেন রবিউল ইসলাম জীবন। আর গানটির নতুনভাবে সঙ্গীতায়োজন করেছেন তুহিন আহমেদ আল আমিন। গানটিতে র‌্যাপ করেছেন স্লিম কিড। সম্প্রতি গানটির ট্রেলার প্রকাশ করা হয়েছে। ভিডিওটি নির্মাণ করেছেন মতিউর সুমন। গানটিতে পারফর্ম করা প্রসঙ্গে টয়া বলেন, 'এ গানের শুটিংয়ের সময়ই মনে হয়েছে দারুণ কিছু হচ্ছে। ইতিমধ্যে প্রমো দেখে দর্শক-শ্রোতারাও প্রশংসা করেছেন। এটি আমার ক্যারিয়ারের অন্যতম একটি সেরা কাজ হবে।' বেলাল খান বলেন, গানটির প্রথম চার লাইন একটি বিখ্যাত পুরনো গান। তাই বেশ চ্যালেঞ্জ নিয়ে কাজটি করেছি। গানের সঙ্গে দারুণ একটি ভিডিও নির্মাণ করা হয়েছে।'





ম্যাক্সব্যাগ প্রেজেন্টস এই গানটি ৩১ জানুয়ারি এসএ প্রোডাকশনের ইউটিউব চ্যানেলে প্রকাশ হবে

---

PEGASUS PLL LEATHERS হ্যালো...

নতুন প্রজন্মের প্রতিশ্রুতিশীল গায়ক **বেলাল খান**। ভিন্নধারার গায়কী আর সুর দিয়ে শ্রোতাদের মনে স্থান করে নিয়েছেন। নিজের সৃষ্টির স্বীকৃতিস্বরূপ প্রথমবারের মতো জাতীয় পুরস্কার পেয়েছেন এ শিল্পী। পুরস্কারপ্রাপ্তি ও গানের ব্যস্ততার নানা দিক নিয়ে আজকের **'হ্যালো...'** বিভাগে কথা বলেছেন তিনি



বেলাল খান

## জাতীয় পুরস্কার পেয়ে কাজের প্রতি দায়িত্ব বেড়ে গেল

▸ *প্রথমবারের মতো পুরস্কার হিসেবে জাতীয় পুরস্কার পেয়েছেন। কেমন লাগছে বিষয়টি?*

▸▸ আসলে যে গানটির জন্য পুরস্কার পাচ্ছি সে গানটি যখন করি তখন ভাবতে পারিনি এ গানটি আমাকে এতটা সম্মান এনে দেবে। তবে গানটি প্রথমবার শোনার পরই কাছের অনেক মানুষ এটি একটি ভিন্ন ধরনের গান হয়েছিল বলে মন্তব্য করেছিলেন। আর এখন তো তার প্রমাণ পেয়েই গেলাম। পুরস্কারপ্রাপ্তির আনন্দের বিষয়টি আসলে বলে বোঝাতে পারব না।

▸ *গানটি তৈরি হওয়ার পেছনের কথাগুলো জানতে চাই...*

▸▸ মূলত সিনেমার গল্প অনুযায়ী গানটি লেখা হয়েছিল। এটি লিখেছেন পরিচালক মাসুদ পথিক। গানের জন্য তিনিও গীতিকার হিসেবে পুরস্কৃত হয়েছেন। এতে গ্রামের একটি মেয়ের অন্তরে বেদনার চিত্র ফুটিয়ে তোলা হয়েছে। মেয়েটি যখন একজনকে সবেমাত্র অনুভব করতে শুরু করেছে তখনই ছেলেটি যুদ্ধে চলে যায়। গান গেয়েছেন মমতাজ আপা। কিন্তু দুঃখের কথা হচ্ছে, গানটি মমতাজ গাওয়ার পরই আমাদের কম্পিউটার হার্ডডিস্ক ক্রাশ করে। ব্যাপারটা তাকে বুঝিয়ে বলার পর ফের তিনি গানটি গাওয়ার জন্য সময় দেন। এ গানের জন্য তিনিও সেরা গায়িকার পুরস্কার পেয়েছেন।

▸ *এত অল্প বয়সে রাষ্ট্রের শীর্ষ পুরস্কার পেলেন। এতে কি নিজের মধ্যে বাড়তি চাপ অনুভব হবে না?*

▸▸ সত্যিই এ বয়সে জাতীয় পুরস্কার পাওয়াটা আমার জন্য ভাগ্যের ব্যাপার। তবে পুরস্কারটিকে আমি চাপ মনে করছি না। আমার সঙ্গীত জীবনের জন্য আশীর্বাদই মনে করছি। এখন থেকে ভালো কাজের প্রতি আরও আগ্রহ এবং দায়িত্ব বেড়ে গেল।

▸ *বর্তমান ব্যস্ততা কী নিয়ে?*

▸▸ আমার ফিচারিংয়ে একটা অ্যালবাম করছি ফোক ফিউশন টাইপের। পাঁচটি গান থাকবে। একটি মেয়ে কণ্ঠশিল্পী থাকবে আমার সঙ্গে। সম্প্রতি মাসুদ পথিকের 'মায়া' সিনেমার গান করলাম। এছাড়া 'গেম রিটার্নস', তোমায় দিলাম পৃথিবী, মুসাফির সিনেমার গান করেছি।

▸ *আপনি তো একক অ্যালবাম না করার ঘোষণা দিয়েছিলেন। এখনও কী এ সিদ্ধান্তের ওপর অটল রয়েছেন?*

▸▸ আসল কথা কী যখন এ ঘোষণাটা দিয়েছিলাম তখনকার অবস্থা আজকের অবস্থার মতো ছিল না। এখন সময় ঘুরে দাঁড়িয়েছে। তাই ফের নিজের মতো করে একক অ্যালবাম করতে চাই।

❑ অনিন্দ্য মামুন

## বৈশাখের গান নিয়ে আঁখি আলমগীর ও বেলাল খান



বিনোদন রিপোর্ট: বৈশাখ উপলক্ষে নতুন গানের ভিডিও প্রকাশ করেছেন জাতীয় সঙ্গীতশন্ত্রী আখি আলমগীর ও বেলাল খান। তারা গেয়েছেন 'আমি মানে তুমি' শিরোনামের একটি দান। এর কথা লিখেছেন প্রাবন কোরেশী, সঙ্গীতায়োজন করেছেন সজীব দাস। হৈত গাওয়ার পাশাপাশি গানটির সুর করেছেন বেলাল খান। নাটাই মিউজিকের ইউটিউব চ্যানেলে মিউজিক ভিডিওটি প্রকাশ হয়েছে। ভিডিও পরিচালনা করেছেন চম্পন যায় চৌধুরী। এতে মডেল হয়েছেন সৈয়দ মাহিন ও সাবিবা পান্দি। গানট প্রযোজনা করেছেন শরীফ উদ্দিন। আঁখি আলমগীর বলেন, এই গানে দেমন আছে মেলোডি, কেমনি রয়েছে ফার্স্ট বিটের হোঁয়া। আশা করছি, গানটি শ্রোতাদের হৃদয় ছুঁয়ে গাবে। বেলাল খান বলেন, আঁখি আপার সদে এটি আমার প্রথম গান। আপার গায়কি মাধাম রেখে দেড়

বদ্বর সময় নিয়ে গানটি করেছি। খুবই সুন্দর গান। আশা করছি শ্রোতাদের কাছ থেকে ভালো সাড়া পাব। প্রয়োজক শরীফ উদ্দিন বলেন, আমি বাংলা গাদে নিয়মিত পৃষ্ঠপোষকতা করছি। আমাদের

প্রকৃত শিল্পীদের নিয়ে ভালো গান শ্রোতাদের উপবার দিতে চাই। আঁখি আপা ও বেলাল ভাইদের এ গানটি শ্রোতাবের ভালো লাগলেই আমরা আগামীতে আরও ভালো কাজ করার সাহস পাবো।



## বৈশাখে বেলাল-আঁখির গান

● আনন্দ সময় প্রতিবেদক

পহেলা বৈশাখ উপলক্ষে নতুন গান নিয়ে আসছেন কণ্ঠশিল্পী আঁখি আলমগীর। আজ ৫ এপ্রিল প্রকাশ পাচ্ছে তার নতুন মৌলিক গান 'আমি মানে তুমি'। প্রাবন কোয়েশির কথায় গাণটিতে তার সহশিল্পী ও সুনকার বেলাল খান। মিউজিক ভিডিওটি নির্মাণ করেছেন চন্দন নায় চৌধুরী। গাণটি দিয়ে আঁখি আলমগীর বলেন, 'গানের কথা ও সুর সব মিলিয়ে খুব সুন্দয় একটি গান হয়েছে। বাংলো নববর্ব উপলক্ষে আখার 'আমি মানে তুমি' গানটি প্রকাশ হচ্ছে। আশা কয়ছি দর্শকদের ভালো লাগছে।'

এদিকে দীর্ঘ দুই দশকের বিরতি আটিয়ে আবায়ও আপানে স্টেজ গো করতে যাচ্ছেন আঁশি আলমগীর। ১১ এপ্রিল আপাদের সাইতামা প্রিকেকয়ারের মিশাতো সিটির 'লিতপিয়া পার্ক'-এ আয়োজিত 'বেশাশী মেলা ২০২৬'-এ প্রধান আকর্ষণ হিসেবে সংগীত পরিবেশন করবেন তিনি। জাপানে বনবাসরত নতুন প্রজনোর ঝাছে দেশীয় সংস্কৃতি তুলে থনা এবং প্রবানীদের যাঝে নৌধার্দ বুদ্ধি কনাই এই মেলায় মুল লক্ষা।

সবশেষ ২০০২ সালে এককাক ভারকা শিল্পীর সঙ্গে আপান সফরে গিয়েছিলেন জাঁনি। দীর্ঘ ২৪ বছর পর এবাদের সফরে তিনি নিজের মিউজিশিয়ান নিম নিয়ে দিত পারফর্মার হিসেবে যোগ দিচ্ছেন। ৮ এপ্রিল ঢাকা ছাড়ায় কথা রয়েছে তার।

আখি আলমগীরই দেশের একমরে শিল্পী দিনি শৈশবে অভিনয় এবং যড় হয়ে গান গেয়ে উভয় কেত্রেই জাতীয় চলভিত্র পুরস্কার অর্জন করেছেন।

অনাদিকে মৌলিক গানের পাশাশাশি স্টেজ শো দিয়ে ব্যস্ত রয়েছেন বেলাল খান। দেশ ও দেশেয বাইরে নিয়মিত শো কয়ছেন তিনি।

## সোশ্যাল মিডিয়া



ঈদের নাটক 'প্রিয়জন'-এ থাকছে আমার আর লিজার নতুন গান 'ভালোবাসা কেন যে এমন হয়'। ভালোবাসার মায়া, অভিমান আর অনুভূতির গল্পে—এই ঈদে দেখা হবে গানে গানে।

—নতুন নাটকে গান করেছেন সংগীতশিল্পী **বেলাল খান** ও **সানিয়া সুলতানা লিজা**। ফেসবুক পোস্টে বেলাল খান জানিয়েছেন সে খবর।



বেলাল খান ও মাহতিম শাকিব

# মাহতিম শাকিবের সুর-সংগীতে বেলাল খান

রংবেরং প্রতিবেদক ▷

প্রথমবার একসঙ্গে কাজ করলেন এই প্রজন্মের জনপ্রিয় কণ্ঠশিল্পী মাহতিম শাকিব এবং জাতীয় পুরস্কার পাওয়া কণ্ঠশিল্পী বেলাল খান। মাহতিমের সুর ও সংগীতে 'মৃত মানুষ' শিরোনামের একটি গানে কণ্ঠ দিয়েছেন বেলাল। গতকাল গানচিত্রটি প্রকাশিত হয়েছে নাইস এন্টারটেইনমেন্টের ইউটিউব চ্যানেলে। গানের কথা লিখেছেন শাহনেওয়াজ, ভিডিওতে মডেলও হয়েছেন বেলাল খান।

তিনি বলেন, 'গীতিকার শাহনেওয়াজ থাকেন আমেরিকায়। শেষবার শো করতে গিয়ে তাঁর সঙ্গে পরিচয়। মাঝখানে তিনি ফোন দিয়ে বললেন, একটা গান আছে, আমাকে দিয়ে গাওয়াতে চান। আমি তাঁকে মিউজিক ট্র্যাকটি পাঠাতে বললাম। গানটি শোনার পরই বুঝলাম ডেমো ভয়েসটা মাহতিম শাকিবের। পরে শাহনেওয়াজ জানালেন সুর ও সংগীত করেছে মাহতিম। আমার পছন্দ হলে যেন গেয়ে দিই।'

বেলাল আরো বলেন, 'মাহতিমও জানাল, আমি গাইলে সে খুশি হবে। পরে তার স্টুডিওতে গিয়ে গানটিতে কণ্ঠ দিলাম। শিল্পী মাহতিম যেমন অসাধারণ সুরকার হিসেবেও দারুণ। সাম্প্রতিক যত গান গেয়েছি তার মধ্যে এ গানটি সবচেয়ে বৈচিত্র্যময়। যেমন কথা তেমন সুর। কেউ শুনলে পছন্দ না করার উপায় থাকবে না, মনকেই নাড়া দেবেই।'

# বেলাল-কর্ণিয়ার কণ্ঠে 'শোনো সোমা'

রংবেরং প্রতিবেদক ▷

ফজল আহমেদ বেনজিরের 'প্রতিরোধ' [১৯৮৬] ছবির জনপ্রিয় গান 'শোনো সোমা'। নজরুল ইসলাম বাবুর লেখা গানটির সুর-সংগীত করেছিলেন শেখ সাদী খান। গেয়েছিলেন কুমার বিশ্বজিৎ ও হৈমন্তী শুক্লা। প্রায় চার দশক পর এবার গানটি নতুন সংগীতায়োজনে গেয়েছেন বেলাল খান ও জাকিয়া সুলতানা কর্ণিয়া। এর মধ্যে গানচিত্রের শুটিংও হয়েছে। বেলাল বলেন, 'আশির দশকের জনপ্রিয় গানটি এই প্রজন্মের শ্রোতাদের কাছে পৌঁছে দিতেই এ উদ্যোগ। শিগগিরই কর্ণিয়ার ইউটিউব চ্যানেল থেকে গানটি প্রকাশিত হবে।'



# ইরানি গায়িকার সঙ্গে সিনেমার গানে বেলাল



ইরানি শিল্পী হামিদেহ



বেলাল খান

...প্রতিবেদক

...তীয় চলচ্চিত্র পুরস্কারপ্রাপ্ত সংগীতশিল্পী বেলাল ...ন। স্টেজ শোর পাশাপাশি নিয়মিত মৌলিক গান ...কাশ করছেন তিনি। নাটক ও সিনেমার গানেও ...য়মিত এই সংগীতশিল্পী। এবার ইরানি গায়িকার ...ঙ্গে প্লে-ব্যাক করেছেন বেলাল। ইরানি গায়িকা ...মিদেহ ও বেলাল খানের গাওয়া গানটি তৈরি ...য়েছে বাংলা ও ফার্সি ভাষায় নির্মিত 'ফেরেশতে' ...লচ্চিত্রের জন্য। 'প্রেমের হাওয়া একবার যদি ...য়ে লাগে রে' শিরোনামে গানটির কথা লিখেছেন ...হার আহমেদ ও শিয়াস মজিদ। বেলাল খানের ...রে গানটির সংগীত পরিচালনা করেছেন ফ্রান্সের ...ংগীত পরিচালক ফুয়াদ হেজাজি।

বাংলাদেশ ও ইরানের যৌথ প্রযোজনায় ...রানি নির্মাতা মুর্তজা আতাশ জমজম পরিচালিত চলচ্চিত্রটি ইতিমধ্যেই ইরানে মুক্তি পেয়েছে। ইরানের মর্যাদাপূর্ণ ফজর চলচ্চিত্র উৎসবে জাতীয় পুরস্কারও জিতেছে এটি। জয়া আহসান অভিনীত এই সিনেমাটি আজ ১৯ সেপ্টেম্বর বাংলাদেশে বিভিন্ন প্রেক্ষাগৃহে মুক্তি পাচ্ছে।

গানটি সম্পর্কে বেলাল খান বলেন, 'ইরানি শিল্পী হামিদেহ অসাধারণ গেয়েছেন গানটি। তিনি বাংলা এবং ফারসি দুই ভাষাতেই গেয়েছেন। আমি শুধু তার সঙ্গে বাংলা ভার্সনটিতে কণ্ঠ দিয়েছি। এই সিনেমাটির চিত্রনাট্য লেখার পাশাপাশি সমন্বয়ও করেছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফারসি ভাষা ও সাহিত্য বিভাগের চেয়ারম্যান ড. মুমিত আল-রশিদ। তিনিই মূলত আমাকে এই সুযোগটি করে দিয়েছেন। কাজটির অভিজ্ঞতা দারুণ। আমার বিশ্বাস, গানটি শ্রোতাদের ভালো লাগবে।'

একজন নারীর প্রেম, সংসার, অভাব-অনটন এবং আত্মিক সন্তানকে নিয়ে লড়াই-সংগ্রামের মানবিক গল্পে নির্মিত ফেরেশতে চলচ্চিত্রের কেন্দ্রীয় চরিত্রে অভিনয় করেছেন জয়া আহসান। সিনেমাটি মূলত সমাজের প্রান্তিক মানুষের জীবনের গল্প। এই গল্পে আছে সংগ্রাম, বঞ্চনা, টিকে থাকার লড়াই ও মানবিকতার অনমনীয় শক্তি। নির্মাতা ছবিটির শুটিং করেছেন একেবারে বাস্তব লোকেশনে— যেখানে আলো-ঝলমল সাজসজ্জার পরিবর্তে ধরা দিয়েছে নিখাদ বাস্তবতা। ফলে গল্পটি দর্শকের কাছে হয়ে উঠবে আরও কাছের, আরও বিশ্বাসযোগ্য।

সিনেমাটির অন্যতম একটি চরিত্রে অভিনয় করেছেন অভিনেতা সুমন ফারুক। অভিনয়ের পাশাপাশি সিনেমাটি প্রযোজনাও করেছেন সুমন। এতে আরও অভিনয় করেছেন শহীদুজ্জামান সেলিম, রিকিতা নন্দিনী শিমু, শাহেদ আলী, শাহীন মৃধা এবং শিশুশিল্পী সাথী।

বেলালের সুরে সজীবের সংগীতে

# বিকেএসপির থিম সং

রংবেরং প্রতিবেদক ▷

বাংলাদেশ ক্রীড়া শিক্ষাপ্রতিষ্ঠানের [বিকেএসপি] থিম সং 'এসো স্বদেশের পতাকা উড়াই' তৈরি হয়েছে। বেলাল খানের সুরে গানটিতে কণ্ঠ দিয়েছেন দিলশাদ নাহার কণা, মৌমিতা নদী, সজীব দাস ও বেলাল খান। সংগীত আয়োজন করেছেন সজীব দাস। সম্মিলিতভাবে কথা লিখেছেন নীহার আহমেদ এবং বিকেএসপির ক্রিড়া কলেজের শিক্ষকবৃন্দ। ভিডিও নির্মাণ করেছেন চন্দন রায় চৌধুরী। মডেল হয়েছেন ক্রিকেটার মুশফিকুর রহিম, লিটন দাস, ফুটবলার মুরসালিন, মামুনুল হক, ঋতু পর্ণা চাকমাসহ বিকেএসপির একঝাঁক সাবেক ও বর্তমান খেলোয়াড়বৃন্দ। বিকেএসপির অফিশিয়াল ইউটিউব চ্যানেল ও ফেসবুকে শিগগিরই প্রকাশিত হবে গানটি। প্রতিষ্ঠানটির মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল মো. মুনীরুল ইসলাম বলেন, 'বিকেএসপি দেশের একমাত্র ক্রীড়া শিক্ষাপ্রতিষ্ঠান, যেখানে খেলাধুলা ও পড়ালেখার চমৎকার সমন্বিত কার্যক্রম রয়েছে। জাতীয় এবং আন্তর্জাতিক পরিমণ্ডলে এখানকার খেলোয়াড়গণ জাতির জন্য অনন্যসব গৌরব বয়ে এনেছে এবং আনছে। বিকেএসপির জন্মের ৩৯ বছরেও অফিশিয়াল কোনো থিম সং ছিল না। এই থিম সংটিতে বিকেএসপির ইতিহাস, গৌরব, বিশ্বক্রীড়ামঞ্চে জাতীয় পতাকা ওড়ানোর স্বপ্ন, প্রত্যয় এবং বহুমুখী কার্যক্রম তুলে ধরা হয়েছে।'



বাঁ থেকে বেলাল খান, কণা, নদী ও সজীব দাস

www.kalerkantho.com

# ক্ষোভ নয়, আফসোস করেছি

বেলাল খানের সঙ্গে কথা বলেছেন সুদীপ কুমার দীপ



# কনা-বেলালের দ্বৈত





■ আনন্দ প্রতিদিন প্রতিবেদক

আবারও একসঙ্গে প্লেব্যাক করে শ্রোতা মনোযোগ কাড়লেন কণ্ঠশিল্পী দিলশাদ নাহার কনা ও বেলাল খান। 'সুপারওয়াইফ' নাটকের জন্য তাদের গাওয়া 'তোমার প্রেমে বেঁচে আছি' গানটি প্রকাশের পর থেকে সংগীতপ্রেমীর মাঝে সাড়া ফেলতে শুরু করেছে। আহমেদ রিজভীর লেখা এ গানের সুর করেছেন শিল্পী বেলাল খান নিজে। সংগীতায়োজন করেছেন শোভন রায়। মুশফিক আর ফারহান ও সাফা কবির অভিনীত 'সুপারওয়াইফ' নাটকের দৃশ্য নিয়ে গানের ভিডিও নির্মাণ করেছেন নাট্য পরিচালক এমডি তৌফিকুল ইসলাম। সম্প্রতি সুলতান এন্টারটেইনমেন্টের ইউটিউব চ্যানেলে গানের ভিডিওটি প্রকাশ করা হয়েছে। শিল্পী বেলাল খানের কথায়, 'তোমার প্রেমে বেঁচে আছি' একটি নিখাদ প্রেমের গান। প্লেব্যাকের জন্য সবসময় সিনেমা বা নাটকের গল্পের ওপর ভিত্তি করে গান লেখা হয়। এ আয়োজনেও তার ব্যতিক্রম নয়। সে কারণে গানে যেমন একটি গল্প যুক্ত হয়েছে, তেমনি সুর ও সংগীতায়োজনেও উঠে এসেছে সময়ের ছাপ। অন্যদিকে আমি আর কনা চেষ্টা করেছি, নিজেদের সেরা গায়কী তুলে ধরার। সব মিলিয়ে গানটি অনেক দিন শ্রোতা মনে অনুরণন তুলবে বলেই আশা করছি। বেলাল গানের পাশাপাশি গানটি শ্রোতার প্রত্যাশা পূরণ করবে বলেও আশা প্রকাশ করেছেন শিল্পী কনা নিজেও।

নাটকের বাইরেও এর আগে কনা ও বেলাল 'সোনার চর' সিনেমায় প্লেব্যাক করে শ্রোতা প্রশংসা কুড়িয়েছিলেন।

---

সা ক্ষা ৎ কা র

# এখন কেউ বাদ্যশিল্পী হতে চান না

বেলাল খান- একাধারে গানের সুরকার ও সঙ্গীত পরিচালক। এ পর্যন্ত দু'বার জাতীয় চলচ্চিত্র পুরস্কার লাভ করেছেন। এক সময়ে ব্যাংকে চাকরি করতেন। পরে চাকরি ছেড়ে গানেই নিজেকে সঁপে দেন। 'পাগল তোর জন্য রে' গানটি গেয়ে পরিচিতি পান। বেলাল খানের সুরে একটি গানে সম্প্রতি কণ্ঠ দিয়েছেন ভারতের সঙ্গীত তারকা নচিকেতা চক্রবর্তী। এবার ভালোবাসা দিবসে তার একটি গান প্রকাশ পেয়েছে। তার এ গানটিসহ অন্যান্য বিষয়ে কথা বলেছেন.....

*ভালোবাসা দিবসে নতুন কোনো গান আসছে?*

বরাবরের মতো এবারও আমি এ দিবসটিকে সামনে রেখে নতুন একটি গানে কণ্ঠ দিয়েছি। গানটির শিরোনাম 'প্রাণ সয় না'। ফয়সাল রাব্বিকীনের কথায় এর সুর ও সংগীতায়োজন করেছেন নাভেদ পারভেজ। নাভেদের সুর-সঙ্গীতে সাম্প্রতিক সময়ে চলচ্চিত্রে বেশ কিছু শ্রোতাপ্রিয় গান হয়েছে। এই গানটির মিউজিক ভিডিওটিও নির্মাণ করেছেন নাভেদ। এটিই তার প্রথম নির্মাণ। যুক্তরাষ্ট্রের বিভিন্ন স্থানে চিত্রায়িত হয়েছে ভিডিওটি। গানটি নাভেদ পারভেজের ইউটিউবচ্যানেলে শনিবার প্রকাশিত হয়েছে।

*গানটি গেয়ে কেমন লাগল?*

খুব রোমান্টিক কথা-সুরের একটি গান। রিদমিক এ গানটি গাইতে খুব ভালো লেগেছে। শুধু তাই নয়, যারা এই মিউজিক ভিডিওটি দেখবেন তাদের কাছে গানটির চিত্রায়ণও ভালো লাগবে বলেই আমার বিশ্বাস।

*এ ছাড়া অন্যসব গানের কথা বলবেন?*

প্রো-টিউন থেকে প্রকাশ পেয়েছে 'কে যেন', এ জেড মাল্টি মিডিয়া থেকে প্রকাশ পেয়েছে 'সাঁতার জানা নেই', সাউন্ডটেক থেকে প্রকাশ পেয়েছে লিজার সঙ্গে ডুয়েট গান 'ভালোবাসবো শুধু তোমায়' এবং এছাড়া এল এইচ মিউজিক থেকে প্রকাশ পেয়েছে 'ভালোবাসি শুধু তোমায়'। নিজের ইউটিউবচ্যানেল থেকেও প্রকাশ পেয়েছে কয়েকটি গান।

*কণ্ঠ দেওয়া আর সুর দেওয়া- দুটির কোনটি বেশি ভালো লাগে?*

আমি গান গাইতেই এসেছিলাম। এখনও গান গাওয়াটা উপভোগ করি। তবে যখন গান বানাতে শুরু করি তখন অন্যরকম আনন্দ পাই। এই আনন্দ ভাষায় প্রকাশ করা সম্ভব না। যখন অন্য কারও গলায় আমার সুর স্থায়িত্ব পেতে দেখি, সে আরেক রকম আনন্দ। তবে আমি সব ধরনের আনন্দই উপভোগ করি। সবই ভালো লাগে আমার। সবই এনজয় করি। আর আমি চাইলেই তো সব গানে কণ্ঠ দিতে পারব না। সেই সীমাবদ্ধতার কথাও আমার জানা আছে। কারণ সব গানের সঙ্গে আমার গলা এবং গায়কী মানানসই হবে না সেটাই স্বাভাবিক। যে গানটি আমার গলা এবং গায়কীর সঙ্গে যাবে বলে মনে করি আমি শুধু সেইসব গানেই কণ্ঠ দিয়ে থাকি। শুধু নিজের সুরেই নয় অন্যের দেওয়া সুরেও আমি কণ্ঠ দিয়ে থাকি।

*কখনো এমন হয়, অন্যের জন্য যা সুর দেন নিজের হলে অন্যরকম হতো?*

আমাদের তো গানের সব শাখায় ও সব মাধ্যমেই কাজ করতে হয়। নাটক, সিনেমা, ইউটিউব, অডিও- তাতে যেখানে যেমন গান চাওয়া হয় সেভাবেই সুর করা হয়। সেটা হতে পারে মেলোডি ধাঁচের কিংবা রোমান্টিক। আবার যদি গানটি হয় স্টেজ প্রোগ্রামের জন্য তখন ফাস্ট গান হিসেবে যেমন সুর দেওয়া তেমন সুর দিয়ে থাকি। তবে সব গানই আমার নিজের পছন্দে হয় না। সুরের ক্ষেত্রে আমি সব ধরনের গানেই সুর দেই। কোনো বাছ-বিচার করি না। এখানে আমি পুরোপুরি প্রফেশনাল। শুধু নিজের গানের সময়েই নিজের পছন্দমতো সুর দিয়ে থাকি।

*দেশের কম্পোজারদের সীমাবদ্ধতা কেমন?*

প্রায় সব কম্পোজার নির্দিষ্ট কিছু সফটওয়্যার দিয়েই কাজ করেন। ঘাটতির বড় জায়গায়টা বাদ্যশিল্পীর। দেশে ভালো মানের বাদ্যশিল্পী তৈরি হচ্ছে না। এই ঘাটতি আগামীতে আরও বেশি ভোগাবে। সফটওয়্যার যে কেউ চালাতে পারে; কিন্তু বাদ্যযন্ত্র বাজানো অন্য বিষয়। এর জন্য কঠোর সাধনা করতে হয়। সফটওয়্যার দিয়ে গান ও বাজনাকে পলিশ করা যায়, বাজানো যায় না। এখন সবাই কম্পোজার হতে চায়, সবাই গায়ক হতে চায়, কেউ বাদ্যশিল্পী হতে চায় না। ফলে বাদ্যশিল্পীর ঘাটতি পূরণ হচ্ছে না।

*নতুন কোনো প্লে-ব্যাকের জন্য কাজ করছেন?*

আমি তো প্লে-ব্যাকে তেমন ঘটা করে কাজ করি না। যখন ডাক আসে তখন করি। এরমধ্যে সরকারি অনুদানের সিনেমা 'জামদানি'র জন্য কাজ করেছি। এ ছবির সব গানেরই সঙ্গীত পরিচালক আমি। ছবিটিতে আমার তত্ত্বাবধানে আঁখি আপা (আঁখি আলমগীর) ও লিজার গান আছে। আছে আরও কিছু কাজের প্রস্তাব। সব ঠিকঠাক হলে পরে জানাব।




বেলাল খান

---

# ইউটিউবে গান প্রকাশ করে জীবিকা নির্বাহ করা যায় না

জাতীয় পুরস্কারজয়ী গায়ক-সুরকার **বেলাল খান**। গান ও অন্যান্য বিষয়ে তাঁর সঙ্গে কথা বলেছেন **সুদীপ কুমার দীপ**



---



# আবারও একসঙ্গে কণা-বেলাল

● বিনোদন প্রতিবেদক

জাতীয় চলচ্চিত্র পুরস্কারপ্রাপ্ত সংগীতশিল্পী দিলশাদ নাহার কণা ও বেলাল খান। নতুন একটি সিনেমার গানে আবারও কণ্ঠ দিয়েছেন তারা। সিনেমার নাম 'প্রেম পুরাণ'। শুক্রবার গানটিতে কণ্ঠ দিয়েছেন তারা। 'তোর দিকে চলে যাব বলে এতটা এসেছি, তোর স্রোতে মিশে যাব বলে নদীতে ভেসেছি' এমন কথায় গানটি লিখেছেন, সুর এবং সংগীতায়োজন করেছেন কলকাতার অধ্যায়ন ধারা। এরই মধ্যে সিনেমাটির শুটিং শেষ হয়েছে। যার কেন্দ্রীয় দুটি চরিত্রে অভিনয় করেছেন বুবলী ও রোশান। নির্মাণ করেছেন মাসুদ মহিউদ্দীন, মাহমুদ হাসান শিকদার।

গানটি প্রসঙ্গে বেলাল খান বলেন, 'গানটি একটি ট্রেডি গান। সিনেমার শুটিং শেষ, চিত্রায়ণ অনুযায়ী গানটি এক কথায় খুবই ভালো হয়েছে। আমার বিশ্বাস এই গানটি বেশ জনপ্রিয়তা পাবে।'

এদিকে একই দিনে সিনেমার গানটির পাশাপাশি কণা মাহমুদ মুহিন পরিচালিত 'গল্পটা প্রেমের' নামের একটি নাটকের গানেও কণ্ঠ দিয়েছেন। যার কথা লিখেছেন এম এ আলম শুভ। সুর ও সংগীত করেছেন আভরাল সাহির।

দুটি গান প্রসঙ্গে কণা বলেন, 'সিনেমার গান এবং নাটকের গান- দুটিই আসলে ভালো হয়েছে। বেলালের সঙ্গে এর আগেও সিনেমাতে গান গেয়েছি। এই গানটি একটু অন্য রকম। আর নাটকের গানটিও ভালো লাগার মতো। সবমিলিয়ে দুটি গান নিয়েই আমি আশাবাদী। সিনেমা মুক্তি এবং নাটকের প্রচার পর্যন্ত দর্শককে অপেক্ষা করতে হবে।'

কণা ও বেলাল খান সর্বশেষ মৌসুমী ও ওমর সানী অভিনীত জাহিদ হোসেন পরিচালিত 'সোনার চর' সিনেমায় একসঙ্গে গান গেয়েছেন। বেলাল খানের সুরে কণা প্রথম গেয়েছিলেন 'কাগজের নাও' গানটি। 'সমুদ্রের নোনা জল', 'হৃদয়জুড়ে'সহ আরো বেশ কিছু সিনেমায় কণা ও বেলাল খান একসঙ্গে প্লে-ব্যাক করেছেন। কণা চয়নিকা চৌধুরীর 'বিশ্বসুন্দরী' সিনেমা'তে প্লে-ব্যাক করার জন্য প্রথম জাতীয় চলচ্চিত্র পুরস্কারে ভূষিত হয়েছেন।

---

# বেলাল খানের 'এই ছিলো তোর মনে'



ভালোবাসা দিবস উপলক্ষে ১৩ ফেব্রুয়ারি বেলাল খানের অফিশিয়াল ইউটিউব চ্যানেলে প্রকাশ পায় 'এই ছিলো তোর মনে' গানটি। ইতোমধ্যে গানটি রয়েছে সবার মুখে মুখে। গানটির কথা লিখেছেন সহোদেব সাহা। সুর করেছে সংগীতশিল্পী বেলাল খান নিজেই। সংগীতায়োজনে সজীব দাস। গানটির ভিডিওচিত্র ধারণে ছিলেন রাজ বিশ্বাস শঙ্কর। টাঙ্গাইলের করোটিয়ার মনোরম কিছু লোকেশনে গানটির দৃশ্যায়ন হয়। গানটিতে মডেল হিসেবে রয়েছেন রাফসান ইমতিয়াজ শান্ত ও আদ্রিতা তিথি। গানটি নিয়ে উচ্ছ্বসিত সংগীতশিল্পী বেলাল খান বলেন, 'গানটি স্যাড ঘরানার। আমি যেরকম মেলোডি ধরনের গান করি, সেরকম। গানটি নিয়ে অনেক সাড়া পাচ্ছি। অনেকেই পজিটিভ কমেন্ট করছেন। গানটি নিয়ে তরুণেরা টিকটক করছে। আর ইউটিউবসহ সব প্ল্যাটফরমে গানটি নিয়ে যে যার মতো ভিডিও বানাচ্ছে। এগুলো সত্যিই আনন্দের।' ● শোবিজ প্রতিবেদক

---

সা ক্ষা ৎ কা র | বেলাল খান

জাতীয় পুরস্কারজয়ী সংগীতশিল্পী বেলাল খান। গীতিকার, সুরকার ও সংগীত পরিচালক হিসেবেও রয়েছে তাঁর দক্ষতা। ১৪ বছরের অধিক সময়ে তিনি অ্যালবাম, একক-দ্বৈত গান ও বিজ্ঞাপনের জিঙ্গেলের পাশাপাশি অসংখ্য চলচ্চিত্রে প্লেব্যাক করেছেন। নিজস্ব ইউটিউব চ্যানেল 'বেলাল খান অফিশিয়াল'-এ নিয়মিত গান প্রকাশ পাচ্ছে তাঁর। এ তারকার সাম্প্রতিক ব্যস্ততা নিয়ে কথা বলেছেন- পান্থ আফজাল

# জনপ্রিয় গানই কিন্তু ভাইরাল হয়

**বছরটা কেমন গেল?**

আলহামদুলিল্লাহ, ভালো কেটেছে। গেল বছরের শ্রোতারা আমার বেশ কয়েকটি গান দারুণ পছন্দ করেছেন।

**নতুন বছর নিয়ে প্রত্যাশা কী?**

নতুন বছরে আমাদের বাংলাদেশটা সার্বিকভাবে স্থিতিশীল হয়ে উঠুক। মানুষের দুর্ভোগ কমে যাক- এটাই প্রত্যাশা।

আরও বেশি চাহিদা রয়েছে আমাকে নিয়ে। তারা চায় আমি যেন ভিডিওতে নিয়মিত অংশ নিই।

**গান কি এখন ভিডিওসর্বস্ব?**

একদম তা নয়। তবে গান প্রচার-প্রসারের জন্য কিংবা শ্রোতাদের কাছে সময়োপযোগী উপস্থাপনের জন্য ভিডিওর প্রয়োজন অনেকখানি।

**ভিউ আর ভাইরাল নিয়ে আপনার মন্তব্য কী?**

ধরুন একটা নতুন শিল্পী গান করতে



---

# নতুন সুর সৃষ্টিতেই আমার বেশি আনন্দ

সম্প্রতি ঘোষিত হয়েছে জাতীয় চলচ্চিত্র পুরস্কার। এই পুরস্কার নিয়ে চলছে বিশ্লেষণ, বিতর্ক। সমসাময়িক বিষয় নিয়ে দুবার জাতীয় চলচ্চিত্র পুরস্কার অর্জন করা বেলাল খানের সঙ্গে কথা বলেছেন **ইমরোজ বিন মশিউর**

**কেমন আছেন?**

আছি আলহামদুলিল্লাহ।

**ঠিক এই মুহূর্তে কী কাজ করছেন, কী নিয়েই বা ব্যস্ততা?**

শো করছি, মোটামুটি নিয়মিতই। আর এখন সিনেমার একটি প্রজেক্ট নিয়ে কাজ করছি। ওই ছবিটির সব গান নিয়ে কাজ করব। এসব নিয়েই আছি।

**আপনি মূলত কী, সংগীতশিল্পী না সুরকার?**

শ্রোতারা আমাকে সংগীতশিল্পী হিসেবে



প্লাটিনাম মুখ্য নয়, সুরেলা থাকাটাই মুখ্য।

**গত কয়েক বছর ধরে সোশ্যাল মিডিয়ায় জাতীয় চলচ্চিত্র পুরস্কার নিয়ে অনেকে অভিযোগ করেন- সেখানে নাকি ইনজাস্টিস হয়। এ বিষয়ে একজন পুরস্কারপ্রাপ্ত হিসেবে আপনার কোনো মন্তব্য আছে কী?**

দেখুন, এই পুরস্কারে ২৮টা ক্যাটাগরির মধ্যে মিউজিকের ক্যাটাগরি চারটা। পুরস্কার পান চারজন, কখনো যৌথ হওয়ার কারণে একটা বা দুটো বাড়তে পারে। প্রতি বছর দেশে সিনেমায়

# আজ প্রকাশ পাচ্ছে বেলাল খানের নতুন গানচিত্র



গানের শুটিংয়ে বেলাল খান, টুইঙ্ক ক্যারল ও জাহিদ হোসাইন

**বিনোদন প্রতিবেদক**, ঢাকা

আজ নতুন গান নিয়ে আসছেন জাতীয় পুরস্কারপ্রাপ্ত সংগীতশিল্পী বেলাল খান। গানের শিরোনাম 'পাগল বানাইয়া'। গানটিতে কণ্ঠ দেওয়ার পাশাপাশি সুরও করেছেন বেলাল খান। আর সংগীত আয়োজন করেছেন শোভন রায়। 'তারে ছাড়া দুনিয়া আঁধার/হলো না সে তবু আমার-বুঝিনি ঠিক অথবা ভুল/দিয়েছি চাঁদের খোঁপায় ফুল'—এমনি কথায় গানটি লিখেছেন সোমেশ্বর অলি।

এরই মধ্যে গানটির ভিডিও তৈরি হয়েছে। ভিডিওতে মডেল হয়েছেন জাহিদ হোসাইন ও টুইঙ্ক ক্যারল, সঙ্গে থাকছেন শিল্পী বেলাল খান। গাজীপুরের ছুটি রিসোর্ট ও এর আশপাশের লোকেশনে চিত্রায়িত ভিডিওটি পরিচালনা করেছেন আব্দুল্লাহ হৃদয়।

নতুন গান প্রসঙ্গে বেলাল খান বলেন, 'বরাবরের মতো শ্রোতারা আমাকে যেমন পান, আশা করছি, তেমনি একটা মেলোডি গান উপহার দিতে পারব। যাঁরা আমার গান ভালোবাসেন, তাঁদের নিশ্চয়ই ভালো লাগবে গানটি।' বেলাল খানের নিজস্ব ইউটিউব চ্যানেল থেকে মুক্তি পাচ্ছে গানটি।



# 'বাপের বড় পোলা' নিয়ে হাজির মমতাজ-বেলাল

**বিনোদন প্রতিবেদক**

ফোক সম্রাজ্ঞী মমতাজ বেশ কিছু আলোচিত আধুনিক গানও উপহার দিয়েছেন। দীর্ঘদিন পর নতুন গান নিয়ে হাজির হলেন তিনি। 'বাপের বড় পোলা' শিরোনামের গানটিতে মমতাজের সঙ্গে কণ্ঠ দিয়েছেন বেলাল খান। 'আব্বে বাপের বড় পোলা/ তার চোখ দুইটা ঘোলা ঘোলা/ গলির চিপায় খিতি ঝাড়ে/ জামার বোতাম রাখে খোলা' এমন চমকপ্রদ কথার গানটি রচনা করেছেন সোমেশ্বর অলি। কণ্ঠ দেয়ার পাশাপাশি সুর করেছেন বেলাল খান। সংগীতায়োজন করেছেন আল আমিন ও আদিব।

গত সোমবার রাত সাড়ে ৭টার পর বেলাল খানের অফিশিয়াল ইউটিউব চ্যানেলে মুক্তি পেয়েছে গানটি। পাশাপাশি স্বাধীন, আমাজন প্রাইম, স্পটিফাই, আইটিউনস, গানা, সাভান, জিপি মিউজিকসহ দেশি-বিদেশি সকল প্ল্যাটফর্মে শোনা যাবে গানটি।

জমজমাট ঘরানার গানটি নিয়ে নির্মিত হয়েছে ভিডিও। বহুল আলোচিত 'লোকাল বাস' গানের পর নতুন এই গানের ভিডিওতে পারফর্ম করেছেন মমতাজ। এছাড়াও পারফর্ম করেছেন বেলাল খান, রেহনুমা মোস্তফা ও আলভী জাহেরসহ একদল নৃত্যশিল্পী। কোরিওগ্রাফি করেছেন রুহুল আমিন। ভিডিওটি পরিচালনা করেছেন শুভব্রত সরকার।

বেলাল খানের সঙ্গে দ্বিতীয়বারের মতো কাজ করলেন মমতাজ। তা জানিয়ে এই শিল্পী বলেন— 'বেলালের সুরে প্রথমবার গেয়েছিলাম নেকাব্বরের মহাপ্রয়াণ সিনেমায়। এই সিনেমায় গেয়ে একসঙ্গে দুজনেই জাতীয় চলচ্চিত্র পুরস্কার পেয়েছিলাম। এবারের গানটি একেবারেই আলাদা। তরুণ প্রজন্মের কথা মাথায় রেখে অনেকটা পুরান ঢাকার ভাষার আদলে রিদমিক মজার একটি গান তৈরি হয়েছে। ভিডিওটি করতে গিয়েও অনেক মজা করেছি। আশা করছি, শ্রোতারা গানটিতে অন্যরকম আনন্দ পাবেন।'

নতুন এ গান নিয়ে আশাবাদী বেলাল খান বলেন, 'মমতাজ আপাকে ভেবেই গানটির পরিকল্পনা ও ডিজাইন করেছিলাম। বলা যেতে পারে নতুন জেনারেশনের সঙ্গে যোগাযোগ স্থাপনের একটা চেষ্টা ছিল এটি। শেষ পর্যন্ত ঈদুল ফিতর উপলক্ষে সেই পরিকল্পনার বাস্তবায়ন হলো। আমি গানটি নিয়ে দারুণ আশাবাদী।'

# নির্মলেন্দু গুণের কবিতা থেকে 'নয়া মানুষ' সিনেমার গানে বেলাল খান





নির্মলেন্দু গুণের 'পুরো মানুষের গান' কবিতা থেকে তৈরি হলো 'নয়া মানুষ' চলচ্চিত্রের 'মানুষ' শিরোনামের গান। বেলাল খানের সুর ও কণ্ঠে গানটির সংগীত আয়োজন করেছেন শোভন রায়। কবি নির্মলেন্দু গুণ গানটি নিয়ে বলেন, 'এই কঠিন কবিতার বাণীকে সুরের শিকলে বাঁধা কঠিন। এই কঠিন কাজটি করার জন্য সুরকার, কণ্ঠশিল্পী ও চলচ্চিত্রটির নির্মাতাসহ সংশ্লিষ্ট সবাইকে ধন্যবাদ জানাই।' গানটির সুরকার ও কণ্ঠশিল্পী বেলাল খান বলেন, 'কাজটি বেশ চ্যালেঞ্জিং ছিল আমার জন্য। আমার বিশ্বাস, গানটি মানুষ অনেক দিন মনে রাখবে। আ. মা. ম. হাসানুজ্জামানের 'বেদনার বালুচরে' উপন্যাস অবলম্বনে মাসুম রেজার চিত্রনাট্যে সোহেল রানা বয়াতির প্রথম চলচ্চিত্র 'নয়া মানুষ'র চিত্রধারণের কাজ শেষ হয়েছে। কমল চন্দ্র দাসের চিত্রগ্রহণে নির্মাণাধীন চলচ্চিত্রটিতে অভিনয় করছেন রওনক হাসান, মৌসুমী হামিদ, আশীষ খন্দকার, ঝুনা চৌধুরী, নিলুফার ওয়াহিদ, বদরুদ্দোজা, স্মরণ সাহা, শিখা কর্মকার, শিশুশিল্পী উষসী প্রমুখ।

● শোবিজ প্রতিবেদক



সংগীতশিল্পী বেলাল খান ও সোমনূর মনির কোনাল

# আবারও সিনেমার গানে বেলাল-কোনাল

**বিনোদন প্রতিবেদক**

জাতীয় চলচ্চিত্র পুরস্কারপ্রাপ্ত নন্দিত-শ্রোতাপ্রিয় দুজন সংগীতশিল্পী বেলাল খান ও সোমনূর মনির কোনাল। দু'জন প্রথম একসঙ্গে প্লে-ব্যাক (সিনেমার গান) 'অচেনা হৃদয়' নামক সিনেমায়। এই গানের জন্য তারা দু'জন 'চ্যানেল আই মিউজিক অ্যাওয়ার্ড'ও পেয়েছিলেন। এরপরও তারা দু'জন আরো বেশ কয়েকটি সিনেমায় একসঙ্গে প্লে-ব্যাক করেছেন।

